



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ইইডি)  
মেহেরপুর।

e-mail: ee\_meh@eedmoe.gov.bd  
www.eed.meherpur.gov.bd

- বিষয় : জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।  
সভার সভাপতি : জনাব মোঃ রাকিবুল আহসান।  
নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।  
সভার স্থান : নির্বাহী প্রকৌশলীর সম্মেলন কক্ষ।  
সভার তারিখ : ২১/১২/২০২৩খ্রি.।  
সভার সময় : দুপুর ২.০০ ঘটিকা।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর শুদ্ধাচার কর্মকৌশল বিষয়ক আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় উপস্থিত সম্মানীত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

আলোচনা ও সিদ্ধান্ত নং-০১

নির্মাণ কাজের ড্রইং ও সিডিউল পূর্ণাঙ্গভাবে অনুসরণ করতে হবে। নির্মাণ কাজের সিডিউল ও স্পেসিফিকেশন অনুযায়ী ১০০% কোর্স স্যান্ড, ওপিসি সিমেন্ট ব্যবহারের বিষয়ে সকলকে অধিকতর সচেতন থাকার বিষয়ে বলা হয় এবং কাজ শুরুর পূর্বেই সকল প্রকার ম্যাটেরিয়াল টেস্ট করানোর বিষয়ে কঠোরভাবে পর্যবেক্ষণ করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হয়। যে সকল প্রকল্পে স্টীল সাটার ধরা আছে, সে সকল প্রকল্পে ১০০% স্টীল সাটার ব্যবহার করে কাজ সম্পাদন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

আলোচনা ও সিদ্ধান্ত নং-০২

প্রতিটি নির্মাণ কাজের সাইটে সাইট অর্ডার বুক সংরক্ষণ করতে হবে এবং তদারকীকারী প্রকৌশলীগণ পরিদর্শনের সময় নিয়মিত মন্তব্য লিপিবদ্ধ করতে হবে। কাজ শেষে চূড়ান্ত বিলের সঙ্গে সাইট অর্ডার বুক অত্র নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে জমা দিতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্ত নং-০৩

নির্বাচিত মাদ্রাসা সমূহের উন্নয়ন, নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন, নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উর্দ্ধমুখী সম্প্রসারণ এবং পরিচালন বাজেটের আওতায় অনাবাসিক ভবন নির্মাণ (৭০১৬) শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত/নির্মাণধীন প্রতিষ্ঠানের নির্মাণ সাইটে দর্শনীয় স্থানে নিদিষ্ট মাপের ডিসপ্লে বোর্ড স্থাপনের সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে অধিকতর সচেতন থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও নির্মাণ কাজ শুরুর পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ড্রইং ও ডিজাইনের কপি প্রতিষ্ঠান প্রধানের নিকট বুঝিয়ে দিতে হবে।

## আলোচনা ও সিদ্ধান্ত নং-০৪

আলোচনার শেষ পর্যায়ে আজকের সভার সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও অফিস ব্যবস্থাপনা বিষয় একটি সংক্ষিপ্ত প্রশিক্ষণের আয়োজন করে বক্তব্য রাখেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রীপরিষদ বিভাগ শুদ্ধাচার ও প্রশাসনিক শাখার ১১ ডিসেম্বর ২০১৬ তারিখে জারীকৃত “পরিপত্র” পাঠ করে শুনানো হয়। ইহার আলোকে সেবা গ্রহীতার সেবা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

### আলোচনা সভা:

নিয়মিতভাবে স্টেক হোল্ডারদের সাথে মতবিনিময় সভা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে সরকারী শৃঙ্খলা ও আচরণবিধি (ঠিকাদারী কাজের সঙ্গে সম্পৃক্ত না হওয়া সহ অন্যান্য বিষয়াদী) যথাযথ অনুসরণ করে কাজ করার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সভায় যোগদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ রাকিবুল আহসান)

নির্বাহী প্রকৌশলী (চ.দা.)

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

মেহেরপুর।

ফোন: ০২৪৭৭৯২৩৯৮

e-mail: ee\_meh@eedmoe.gov.bd

স্মারক নং-৩৭.০৭.৫৭০০.০০৭.০০.০০০.২৩-২০২/১

তারিখ: ২১/১২/২০২৩খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা সার্কেল, খুলনা।
- ০৪। উপ-পরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। সহকারী প্রকৌশলী-০২, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
- ০৭। উপ-সহকারী প্রকৌশলী (সকল) উপজেলা, মেহেরপুর।
- ০৮। অফিস নথি।



(মোঃ রাকিবুল আহসান)

নির্বাহী প্রকৌশলী (চ.দা.)

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

মেহেরপুর।

ফোন: ০২৪৭৭৯২৩৯৮

e-mail: ee\_meh@eedmoe.gov.bd



২০.১২.২৩